কালের কণ্ঠ

তারিখ ... 20 SEP 2015 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ২ ...

### কমিটি বাতিলের দাবি

# এক বছরেও হয়নি সিলেট ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি

সিলেট অফিস ▷

এক মাসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশ দিয়ে গত বছরের ১৮ সেপ্টেম্বর সিলেট জেলা ও মহানগর ছাত্রদলের আংশিক কমিটি ঘোষণা করে ছাত্রদলের কেন্দ্রীয় সংসদ। কিন্তু এক বছর পরও ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি গঠন করতে পারেননি দায়িত্বপ্রাপ্ত নেতারা। এ কমিটি গঠন করতে না পারাসহ রাজপথের আন্দোলনে কমিটির নেতারা ব্যর্থ উল্লেখ করে অবিলম্বে কমিটি বাতিল করে নতুন কমিটি গঠনের দাবি জানিয়েছে সংগঠনের নেতাকর্মীরা।

কমিটি গঠনের বছর পূর্তিতে জেলা ও মহানগর ছাত্রদলের ব্যানারে সংগঠনের নেতাকর্মীরা গতকাল শনিবার সিলেট প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করে এ দাবি জানায়। ছাত্রদলের সাবেক কেন্দ্রীয় সদস্য মাহবুবুল হক চৌধুরী বলেন, যে দুটি আংশিক কমিটি ঘোষণা করা হয়েছে তারা সম্পূর্ণরূপে ব্যর্থ। এক বছরে তারা জেলা ও মহানগরে একটি পূর্ণাঙ্গ কমিটি করতে পারেনি। তৃণমূল নেতাকর্মীদের সঙ্গে কোনো যোগাযোগ রাখতে পারেনি। সরকারবিরোধী আন্দোলন তো দূরের কথা সংগঠনের কর্মসূচি পালন করতেও তারা রাজপথে দাঁড়াতে পারছে না। এ ব্যর্থ লোকদের দিয়ে সিলেটের ছাত্রদল উঠে দাঁড়াতে পারবে না। সংগঠনের স্বার্থের বিষয়টি উল্লেখ করে মাহবুবুল হক কমিটি দুটি বাতিল করে তরুণ মেধাবী ও ত্যাগী নেতাকর্মীদের দিয়ে নতুন কমিটি করার দাবি জানান।

প্রসঙ্গত, গত বছরের ১৮ সেপ্টেম্বর সন্ধ্যায় কেন্দ্রীয় ছাত্রদল ঘোষণা করে সিলেট জেলা ও মহানগর ছাত্রদলের কমিটি। জেলায় সভাপতি পদে সাঈদ আহমদকে ও সাধারণ সম্পাদক পদে রাহাত চৌধুরী মুন্নাকে নির্বাচিত করা হয়। আর মহানগরের সভাপতি পদে নূরুল আলম সিদ্দিকী খালেদ ও সাধারণ সম্পাদক পদে আবু সালেহ মো. লোকমান আহমদের নাম ঘোষণা করে ছাত্রদলের কেন্দ্রীয় সংসদ।

১৩ বছর পর আংশিক কমিটি ঘোষণা হওয়ার পরপরই এ নিয়ে দলে তীব্র অসন্তোষ দেখা দেয়। সিলেটের ছাত্রদল দুই ভাগে বিভক্ত হয়ে পড়ে। কমিটিকে প্রত্যাখ্যান করে এক পক্ষে অবস্থান নেয় নেতাকর্মীদের একটি বড় অংশ। অপর পক্ষে ছিল কমিটিতে পদবিপ্রাপ্ত নেতা ও তাঁদের পক্ষের কর্মীরা। পদবঞ্চিতরা দাবি করেন, যাঁদের পদ-পদবি দেওয়া হয়েছে এর মধ্যে বেশির ভাগই ছাত্রশিবির থেকে অনুপ্রবেশকারী। একপর্যায়ে তাঁরা কমিটি বাতিল না করলে গণপদত্যাগের ঘোষণা দেন। পরে বিএনপির কেন্দ্রীয় সদস্য বর্তমানে সাময়িক বরখাস্ত সিলেট সিটি করপোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরীসহ দলের সিনিয়র নেতাদের হস্তক্ষেপে তাঁরা গণপদত্যাগ থেকে বিরত থাকেন।

পূর্ণাঙ্গ কমিটি গঠন না করা প্রসঙ্গে মহানগর ছাত্রদলের সভাপতি নূরুল আলম সিদ্দিকী খালেদ বলেন, নানা কারণে পূর্ণাঙ্গ কমিটি গঠনের কাজ আটকে গেছে। অচিরেই সিলেট মহানগর ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হবে।